ইণ্ডিয়ান ষ্ট্যাণ্ডার্ড ব্যাঙ্ক লিঃ

স্থাপিত ১৯২৮

হেড অফিস :—৩নং ম্যাঙ্গো লেন, কলিকাতা

শাখাসমূহ :—

জঙ্গীপুর, শেরপুর, ময়মনসিংহ ও মেহেরপুর

সর্ব্বপ্রকার ব্যাঙ্কিং কার্য্য দক্ষতার সহিত করা হয়।

বিশেষ সর্ত্তাদির জন্য স্থানীয় ব্যাঙ্কে অনুসন্ধান করুন।

ম্যানেজিং ডিরেক্টর :— এস, কে, রায়।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—০ּ০—

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩১শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৩১শে শ্রাবণ বুধবার ১৩৫১ ইংরাজী 16th Aug. 1944 { ১৪শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৫৪ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি ;
লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস,
সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।
বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাঙ্গো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাঙ্গো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা।

## জয়যাত্রার পথে

ভারতীয় জীবনবীমার ইতিহাসে হিন্দুস্থান প্রতি বৎসরই এক একটি গৌরবময় অধ্যায় রচনা করে। ১৯৪৩ সালে যুদ্ধ এবং দুর্ভিক্ষের সঙ্কটময় পরিস্থিতিতেও ইহার প্রভূত সাফল্য অন্যান্য বৎসরের তুলনায় অধিকতর গৌরবের পরিচায়ক। আর্থিক সংস্থানের সারবত্তা, বীমাপত্রের নিরাপত্তা, পরিচালন-পদ্ধতির নৈপুণ্য এবং সর্ব্বোপরি দেশবাসীর আন্তরিক সহযোগ ও সহানুভূতিই এই জয়যাত্রার পথে হিন্দুস্থানের প্রধান পাথেয়।

### সাফল্যের পরিচয়

| | |
|---|---|
| মোট চলতি বীমা | ২৪ কোটি ৮২ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৫ „ ৪২ „ „ „ |
| প্রিমিয়ামের আয় | ১ „ ১২ „ „ „ |
| মোট সংস্থান | প্রায় ৬ কোটি টাকা |
| দাবী শোধ (১৯০৭-৪৩) | তিন কোটি টাকার উপর |

নূতন বীমা (১৯৪৩)—
৫ কোটি ৩১ লক্ষ টাকার উপর

হিন্দুস্থান কো-অপারেটিভ্
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস ঃ কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৩১শে শ্রাবণ বুধবার সন ১৩৫১ সাল

## মুদ্রা প্রস্তুতের জন্য রূপা

দিল্লীতে প্রাপ্ত এক সংবাদে জানা গিয়াছে যে, মার্কিণ যুক্তরাষ্ট্র মুদ্রা প্রস্তুত করার উদ্দেশ্যে প্রতি মাসে ভারতকে ৫০ লক্ষ আউন্স রূপা দিতে সম্মত হইয়াছে।

---

## পরলোকে লর্ড হার্ডিঞ্জ

ভারতের ভূতপূর্ব্ব বড়লাট লর্ড হার্ডিঞ্জ গত ২রা আগষ্ট বুধবার বিলাতে তাঁহার কেণ্টস্থিত বাসভবনে ৮৬ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন। তাঁহার পুত্র স্যার আলেকজাণ্ডার হেন্‌রী লুই হার্ডিঞ্জ তাঁহার স্থলে (ইনি গত বৎসর পর্য্যন্ত রাজার প্রাইভেট সেক্রেটারী ছিলেন) লর্ড হইলেন। লর্ড হার্ডিঞ্জ কিছুকাল যাবৎ পীড়িত ছিলেন এবং রবিবার হইতে তাঁহার সংজ্ঞা লোপ পাইয়াছিল। পরলোকগত লর্ড হার্ডিঞ্জ ১৮৫৮ সালে জন্মগ্রহণ করেন। ১৯১০ হইতে ১৯১৬ সাল পর্য্যন্ত তিনি ভারতের বড়লাট ছিলেন। তাঁহার আমলে ১৯১১ সালে দিল্লীতে দরবার হইয়াছিল।

---

## সাহিত্যিকের পেন্সন

কবি ও সাহিত্যিক কাজি নজরুল ইসলাম প্রায় দুই বৎসরকাল রোগে ভুগিতেছেন। সেই হেতু বাঙ্গালা সরকার তাঁহার সাহিত্য সেবা সম্বন্ধে বিবেচনা করিয়া মাসিক ২০০৲ টাকা পেন্সন মঞ্জুর করিয়াছেন। সাহিত্য সেবার জন্য পেন্সন ব্যবস্থা প্রবর্ত্তনের পর হইতে এ পর্য্যন্ত এত অধিক টাকা পেন্সন কাহাকেও দেওয়া হয় নাই।

---

## বর্দ্ধমানে প্রবল ঝঞ্ঝাবাত্যা

গত ৩০শে জুলাই বর্দ্ধমানে প্রবল ঝঞ্ঝাবাত্যা এবং মুষলধারে বৃষ্টি হয়। অপরাহ্ণে স্থানীয় কর্ত্তৃপক্ষ ঢোলসহরতে সহরের সকলকে সাবধান করিয়া দেন এবং ৩৬ ঘণ্টার মধ্যে ঐ অঞ্চলে প্রবল ঝঞ্ঝাবাত্যা হইবে বলিয়া ঘোষণা করেন। মধ্যরাত্রে ঝড়ঝঞ্ঝা অত্যন্ত প্রবল হয়।

---

## দুঃস্থদের সাহায্য ব্যবস্থা

বাঁকুড়া সদর মহকুমায় এগারটি শ্রমকেন্দ্র স্থাপন করিয়া প্রায় দুই হাজার লোকের অন্নের সংস্থান করা হইয়াছে। ইহারা ধানভানা, চামড়ার কাজ, ঝুড়ি তৈয়ারীর কাজ প্রভৃতি করিতেছে। বিনামূল্যে আহার ও বাসস্থান ছাড়া লাভের অর্দ্ধাংশও শ্রমিকদিগকে দেওয়া হয়। ত্রিশটি খয়রাতি দুগ্ধ বিতরণ কেন্দ্র খুলিয়া প্রত্যহ দুই হাজার লোককে দুগ্ধ দেওয়া হইতেছে। সদর মহকুমায় ১০টি ইমারজেন্সী হাসপাতাল খোলা হইয়াছে। পুষ্করিণীগুলির সংস্কারসাধনের এক ব্যাপক পরিকল্পনা রচিত হইয়াছে।

---

## পাটনায় উল্কাপাত

গত ২রা আগষ্ট শেষরাত্রি ৩-৪৮ মিনিটে পূর্ব্বাকাশ সহসা উজ্জ্বল আলোকে উদ্ভাসিত হয়। প্রকাশ, প্রদেশের মধ্যে বহু দূর পর্য্যন্ত ঐ আলোক বিচ্ছুরিত হয়। অনেকের বিশ্বাস, অসাধারণ ঔজ্জ্বল্যসম্পন্ন উল্কাপাতের ফলে এই অদ্ভুত ঘটনা সঙ্ঘটিত হইয়াছে। অনেকে আবার বলেন যে, যাহারা এই ব্যাপার প্রত্যক্ষ করিয়াছিল, তাহারা আতঙ্কগ্রস্ত হয়। বিচ্ছুরিত আলোকের বর্ণ গাঢ় নীল। তাহার মধ্য হইতে রক্তাভ জ্যোতিঃ বাহির হইতেছিল।

---

## নূতন রেভিনিউ ষ্ট্যাম্প

এই প্রদেশে ব্যবহারের জন্য উপরে 'বেঙ্গল' লিখিত এক আনার রেভিনিউ ষ্ট্যাম্প মুদ্রিত করিবার ব্যবস্থা করা হইয়াছে। ১লা সেপ্টেম্বর হইতে ঐ ষ্ট্যাম্প জনসাধারণের নিকট বিক্রয় করা হইবে। জনসাধারণের নিকট পূর্ব্বে প্রচলিত রেভিনিউ ষ্ট্যাম্প থাকিলে ১ মাসের মধ্যে অর্থাৎ ১লা অক্টোবরের পূর্ব্বে তাহা বদল করিয়া লওয়া যাইবে। ঐ তারিখের পরে আর ঐ সকল ষ্ট্যাম্প বদল হইবে না এবং এই প্রদেশে ঐ সকল ষ্ট্যাম্প ব্যবহার করাও চলিবে না।

## নীলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নীলামের দিন ১১ই সেপ্টেম্বর ১৯৪৪

১৯৪৪ সালের ডিক্রীজারী

৬৫৬ থাং ডিঃ শ্যামাপদ সাহা দেং আহ্লাদি সেখ দিং দাবি ৩৫॥/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে লঙ্কাহার ওরফে নূতনগঞ্জ ২০ শতকের কাত ৫।০ আঃ ২০৲ খং ৩৬৯ কোর্ফা স্বত্ব

৫১১ থাং ডিঃ কুমার চন্দ্র সিংহ দুধোরিয়া দিং দেং কেরামত সেখ দিং দাবি ১১৮৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মুকুন্দপুর ৩৫ শতকের কাত ৮২ আনা আঃ ৬৲ খং ৩৫ স্থিতিবান স্বত্ব

৪১৯ থাং ডিঃ নৃপেন্দ্রনারায়ণ বসু সর্ব্বাধিকারী দেং বাসরুদ্দি মণ্ডল দাবি ১৭॥৴৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেখালিপুর ১২ শতকের কাত ১॥০ আঃ ১০৲ খং ৮৮৯

৬৩৩ থাং ডিঃ সেবাইত নিরোজকৃষ্ণ ঘোষ দেং ইয়াছুল বিশ্বাস দিং দাবি ৪৯৮৴৬ থানা সুতী মৌজে উমরাপুর ৪-৮৩ শতকের কাত ১৩।৴৩ আঃ ১৫৲ খং ২৩২

৬১৫ থাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং গোবিন্দলাল দাস দিং দাবি ৩৮॥/৩ থানা সুতী মৌজে চাঁদপুর ১৬-১৯ শতকের কাত ৫/০ আঃ ৪০৲ খং ১৭

৩৯ মনি ডিঃ কুমারিশচন্দ্র সিংহ দেং ফুলতুলসী দেবী দাবি ২৭৩/০ থানা সাগরদীঘি মৌজা বংশীয়া ও বড়গড়া ২-৫৭ শতকের কাত ৬॥৵০ আঃ ৫০৲ খং ২৮।১১৪ ২নং থানা সাগরদীঘি মৌজে বংশীয়া মধ্যে ৩৬ শতকের কাত ১॥০ আঃ ১৫৲ খং ১১০ ৩নং মৌজাদি ঐ ৯ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ১০৯ ৪নং মৌজাদি ঐ ৯ শতকের কাত ৮৵০ আঃ ৫৲ খং ১০৮

---

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নীলামের দিন ১২ই সেপ্টেম্বর ১৯৪৪

১৯৪৪ সালের ডিক্রীজারী

৫৬১ থাং ডিঃ সেবাইত রাধাবল্লভ নাথ দেং ইদৃশ সেখ দিং দাবি ৪০৮৩ থানা রঘু-

নাথগঞ্জ মৌজে সেকন্দরা ৩১ শতকের কাত ৷৴৯ আঃ ১০৲ খং ২৮৭ রায়ত স্থিতিবান

৫৬২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৫৷৶১১ মৌজাদি ঐ ২৮ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ২৮৬ রায়ত স্থিতিবান

৬৯৪ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং আরমানি বিবি দাবি ১৭৷৶৩ থানা স্থতী মৌজে মহেশাইল ১৩ শতকের কাত ২৶১ আঃ ১০৲ খং ১১৭৩ রায়ত স্থিতিবান

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নীলামের দিন ১৩ই সেপ্টেম্বর ১৯৪৪

### ১৯৪৪ সালের ডিক্রীজারী

৪৬৬ খাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েন্ট মাতোয়ালী মৌঃ হুমায়ুন রেজা চৌধুরী দিং দেং সেরাফত মণ্ডল দিং দাবি ৩৩৸৴০ থানা ফরক্কা মৌজে ভৈরবডাঙ্গা ২৫০৻১ বিঘার কাত ৩৷৶৬ আঃ ২০৲ খং ৩৯

৪৬৭ খাং ডিঃ ঐ দেং মঙ্গল সাওতাল দিং দাবি ৮৯৻৩ থানা ঐ মৌজে বাহাদুরপুর ৭০ শতকের কাত ৸৴৩ আঃ ৫৲ খং ২৬০ (ক)

৪৬৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৯৷৶৯ মৌজাদি ঐ ৬-২৬ শতকের কাত ৮৻৩ আঃ ৫০৲ খং ২৬১ (খ)

৪৬৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৷৶০ মৌজাদি ঐ ৩-৭৬ শতকের কাত ৫৸৴০ আঃ ৫০৲ খং ২৬২ (গ)

৪৭০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৷৴৩ মৌজাদি ঐ ১-২২ শতকের কাত ৸৶০ আঃ ৫৲ খং ২৬৩ (ঘ)

৪৭১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৷৶৯ মৌজাদি ঐ ২২ শতকের কাত ৷৴৯ আঃ ৫৲ খং ২৬৪ (ঙ)

৪৭২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৭৷৴০ থানা ঐ মৌজা সুদনা ১-৯৫ শতকের কাত ৭৸৶৬ আঃ ৫০৲ খং ১০১ (চ)

৪৭৩ খাং ডিঃ ঐ দেং চণ্ডী দাস দিং দাবি ৫০৷৴০ থানা সমসেরগঞ্জ মৌজে কাকুড়িয়া ৫৷০৻২ বিঘার কাত ৮৴৫ আঃ ৪০৲ খং ৩

৪৭৪ খাং ডিঃ ঐ দেং রুস্তম সেখ দিং দাবি ২১৷৬ থানা সমসেরগঞ্জ মৌজে লোহরপুর ১/৩৻১১ বিঘার কাত ৩৷৬ আঃ ১০৲

৪৭৫ খাং ডিঃ ঐ দেং মির মানসাব আলি দিং দাবি ২২৶৯ থানা ঐ মৌজে কাঁকুড়িয়া ২৫০৻৯ বিঘার কাত ২/৩ আঃ ১০৲

## চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত নীলামের দিন ২৮শে অক্টোবর ১৯৪৪

### ১৯৪৪ সালের ডিক্রীজারী

৮৩৯ খাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং পাঁচুলাল সেরাওগী দাবি ২২০৷৴৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে হরিশচন্দ্রপুর ৬০/০ বিঘার কাত ৬০৲ আঃ ২০১৲

৮৪০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৮৷/৯ থানা ঐ মৌজে বাখোরালী ৪০/০ বিঘার কাত ৪০৲ আঃ ১২৫৲

৮৪১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩১৸৴৩ থানা ঐ মৌজে কালিতলা বাজার ৷০ কাঠার কাত ৭৷০ আঃ ২৪৲

৮৪২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৻৯ মৌজাদি ঐ /১৷৶০ কাঠার কাত ২৷৬ আঃ ৫৲

৮৪৩ খাং ডিঃ ঐ দেং কাবাতুল্লা মণ্ডল দিং দাবি ৬২৸০ থানা স্থতী মৌজে নয়াবাহাদুরপুর ৯৷২ বিঘার কাত ১৪৻৬ আঃ ৫১৲

৮৪৪ খাং ডিঃ ঐ দেং কাবাতুল্লা মণ্ডল দাবি ৬১৴৩ মৌজাদি ঐ ৯৷৩ বিঘার কাত ১৪/৯ আঃ ৫১৲

৮৪৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৩৷৬ মৌজাদি ঐ ৫৷২ বিঘার কাত ৬৷৶৩ আঃ ২৫৲

৮৪৬ খাং ডিঃ ঐ দেং রাজপতি চৌবে দিং দাবি ২২৷/৩ মৌজাদি ঐ ৫১ শতকের কাত ২৸/০ আঃ ১৫৲ খং ৭০৭

৮৪৭ খাং ডিঃ ঐ দেং রাজপতি চৌবে দাবি ১৭৴৩ মৌজাদি ঐ ৩৪ শতকের কাত ২৷০ আঃ ৫৲ খং ৫১৪

৮৪৮ খাং ডিঃ ঐ দেং আমির বিশ্বাস দিং দাবি ৬০৷০ থানা রঘুনাথগঞ্জ মৌজে খাঁন্দুয়া ৩-৪৮ শতকের কাত ৭৸৴০ আঃ ৫১৲

৮৪৯ খাং ডিঃ ঐ দেং গোপেশচন্দ্র রায় দিং দাবি ৫৪৸৶৩ থানা স্থতী মৌজে নয়াবাহাদুরপুর ও আটপলগাছি ১০৸৫৷০ বিঘার কাত ১০৷/৬ আঃ ৫১৲

৮৫০ খাং ডিঃ ঐ দেং রাধামোহন মজুমদার দিং দাবি ২৩৻৴৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ছোটকালিয়াই ১-৪৫ শতকের কাত ৪৲ আঃ ১৫৲

১২ মনি ডিঃ মালদহ ব্যাঙ্কিং কোং লিমিটেড দেং ললিতমোহন সরকার দাবি ৫৮৷৬ থানা স্থতী মৌজে ইচলিপাড়া ৩২ শতকের কাত ২৻৬ পাই আঃ ১০৲ খং ১০১৬ ২নং লাট মৌজাদি ঐ ১০ শতকের কাত ১০/১০ গণ্ডা খং ১০১৭ রায়ত মোকররী স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ৩২ শতকের কাত ১৸১১ পাই আঃ ৫৲ খং ১০১৮ রায়ত মোকররী স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ১-৭ শতকের কাত ৷০ আনা আঃ ১০৲ খং ১০২৫ রায়ত মোকররী স্বত্ব

৪৩ মনি ডিঃ শৈলবালা দেবী দেং অশ্বিনীকুমার দাস দাবি ৬০৷০ থানা স্থতী মৌজে ঘোড়াপাখিয়া গাঙ্গিন ১-৭ শতকের কাত ৪৸/৬ আঃ ৩০৲ খং ৩৬৯

## পিয়নের অধ্যবসায়

ভোলা (বরিশাল) সাবডিভিশনের অন্তর্গত ন্যামতপুর গ্রামের মোহাম্মদ আবদুল জলিল যখন উচ্চ প্রাইমারী ক্লাশে পড়িত তখন তাহার পিতা মারা যান। সাংসারিক অবস্থা শোচনীয় বলিয়া ছেলেটী পড়া ছাড়িয়া বরিশাল বিলাতী মদের দোকানে বয়-সারভেণ্ট হিসাবে কাজ করিতে থাকে। ছেলেটি লেখাপড়ায় বিশেষ মনোযোগী ছিল এবং কাজের ফাঁকে নিজের চেষ্টায় সামান্য ইংরেজী ও বাংলা শিখিয়াছিল। পরে ১৯৪২ সালের নবেম্বর মাসে বীরভূম জিলার অন্তর্গত দুবরাজপুর সার্কেলের কো-অপারেটিভ অডিটার মৌলবী মহম্মদ আবুছাইদের নিকট পিয়নের কাজে নিযুক্ত হয়। ছেলেটির লেখাপড়ায় আগ্রহ দেখিয়া অডিটার সাহেব তাহাকে অবসর সময়ে কিছু সাহায্য করেন এবং ম্যাট্রিক পরীক্ষার জন্য প্রস্তুত হইতে উৎসাহিত করেন। জলিল এক বৎসরের চেষ্টায় (১৯৪৩ সন) প্রস্তুত হইয়া ১৯৪৪ সালের মার্চ্চ মাসে ম্যাট্রিক পরীক্ষা দেয় ও তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। এই অধ্যবসায়ের জন্য আমরা তাহাকে আন্তরিক ধন্যবাদ জানাইতেছি। আশাকরি ইহাতে দেশের নিঃসহায় ছেলেদের মনেও উৎসাহের সঞ্চার হইবে। ‘বীরভূমবার্ত্তা’

## ষ্টেশন মাষ্টারের বিরুদ্ধে ঘুষ লওয়ার অভিযোগ

৩০৲ ঘুষ লওয়ার অভিযোগে স্পেশ্যাল ষ্টাফের ডেপুটি পুলিশ সুপার মিঃ বি, সি, দত্ত লালগোলা ষ্টেশনের এসিষ্ট্যান্ট ষ্টেশন মাষ্টার হরেন্দ্রনাথ রায়ের বিরুদ্ধে যে মামলা দায়ের করিয়াছেন,

(পর পৃষ্ঠায় দেখুন

আলিপুরের স্পেশ্যাল ট্রাইব্যুন্যালে গত সোমবার তাহার এক দফা শুনানী হইয়াছে। কয়েকজনের সাক্ষ্যগ্রহণের পর মামলার শুনানী স্থগিত হয়।

অভিযোগে প্রকাশ, স্পেশ্যাল পারমিট সত্ত্বেও গাড়ীতে মাল বোঝাই দিতে অস্বীকার করে—এই সংবাদ পাইয়া মিঃ দত্ত কোনও এক ফার্মের কর্মচারী নরেন্দ্রনাথ গাঙ্গুলী নামক এক ব্যক্তির নামে স্পেশ্যাল পারমিট দিয়া উক্ত এসিষ্টাণ্ট ষ্টেশন মাষ্টারের নিকট পাঠান। আসামী ৩০৲ টাকা ঘুষ চায়। মিঃ দত্ত চিহ্নিত নোটসহ গাঙ্গুলীকে আসামীর নিকট পাঠাইলে আসামী উহা গ্রহণ করে। মিঃ দত্ত ও একজন ম্যাজিষ্ট্রেট বাহিরে অপেক্ষা করিতেছিলেন। তাঁহারা আসামীকে গ্রেপ্তার করেন। কয়েকজন সাক্ষীর সাক্ষ্য গ্রহণের পর মামলার শুনানী স্থগিত হয়।

'আনন্দবাজার'

---

## কাঠের মূল্য নির্দ্দিষ্ট

### বাঙ্গালা গবর্ণমেণ্ট কর্ত্তৃক আদেশ জারি


জানা গিয়াছে যে, ১৯৪৪ সালের বঙ্গীয় কাষ্ঠমূল্য নিয়ন্ত্রণ আদেশ অনুসারে গবর্ণমেণ্ট বিভিন্ন প্রকার কাঠের মূল্য নির্দ্দিষ্ট করিয়া এক আদেশ জারী করিয়াছেন। এই আদেশ ৭ই আগষ্ট হইতে পার্ব্বত্য চট্টগ্রাম ব্যতীত বাঙ্গালার সর্ব্বত্র বলবৎ হইয়াছে। কাষ্ঠ নির্ম্মিত জিনিষপত্র সম্বন্ধেও এই আদেশ প্রযোজ্য হইবে।

---

## বহরমপুর সংবাদ

মুর্শিদাবাদ জেলার ম্যাজিষ্ট্রেট সাহেবের সহধর্ম্মিণী মিসেস রহমতুল্লা "দি মুর্শিদাবাদ লেডিজ রেডক্রস্ ঘ্যাপিল ফাণ্ড" স্থাপন করিয়া সঙ্গতিপন্না মহিলাগণের নিকট অর্থ সাহায্যের জন্য আবেদন করিয়াছিলেন। ইতিমধ্যেই ২৫৫০৲ টাকা সংগৃহীত হইয়াছে। কাশিমবাজারের মহারাণী, লালগোলার মহারাজা বাহাদুর,, রাজা কমলারঞ্জন রায় মহোদয়ের সহধর্ম্মিণী, লালগোলার বধূরাণী প্রভৃতি স্ব স্ব মর্য্যাদানুরূপ অর্থ সাহায্য করিয়াছেন।

---




দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পূঁজ আরোগ্য হয়।

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।